গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
আইসিটি শাখা

## জেলা পর্যায়ে ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস ২০২৩" পালন/উদযাপনের লক্ষ্যে গঠিত কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ কায়ছারুল ইসলাম, জেলা প্রশাসক, টাঙ্গাইল |
| সভার তারিখ | : ১১ অক্টোবর ২০২২ |
| সভার সময় | : বিকাল ০৩.০০ টা |
| স্থান | : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। |
| উপস্থিতি | : কমিটির সদস্যবৃন্দ (হাজিরা সংরক্ষিত) |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মাঝে জাগ্রত রাখার লক্ষ্যে গত ২৩.০৮.২০২১ তারিখের অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রতিবছর ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস" 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পালন/উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এরই প্রেক্ষিতে সারাদেশের ন্যায় টাঙ্গাইল জেলাতেও 'শেখ রাসেল দিবস' পালিত হবে।

অত:পর জেলা পর্যায়ে ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস ২০২৩" পালন/উদযাপনের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রদত্ত নির্দেশনা সম্বলিত পত্রটি এবং গত বছরের সভার কার্যবিবরণী সকলের সামনে পড়ে শোনাতে অনুরোধ করা হয়। পত্রের নির্দেশনা মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক</th><th>তারিখ, বার ও সময়</th><th>সিদ্ধান্ত/ কর্মসূচি</th><th>বাস্তবায়নে/আয়োজনে/সহযোগিতায়</th></tr>
<tr><td>০১</td><td>১২.১০.২০২৩ হতে ১৮.১০.২০২৩</td><td>অনুমোদিত ডিজাইনসমূহ অনুসরণপূর্বক দিবসটির লোগো ও প্রতিপাদ্যসহ বিভিন্ন কর্মসূচি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা</td><td>১.উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল<br>২. সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল<br>৩.সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল<br>৪.প্রোগ্রামার, ডিওআইসিটি, টাঙ্গাইল</td></tr>
<tr><td>০২</td><td>১২.১০.২০২৩ হতে ১৬.১০.২০২৩ তারিখের মধ্যে</td><td>প্রতিযোগিতা আয়োজন:<br>১. ক) জেলা পর্যায়ে নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজন করতে হবে<br><table><tr><th>প্রতিযোগিতার ধরন</th><th>বিষয়</th><th>টার্গেটেড গ্রুপ</th></tr><tr><td>চিত্রাঙ্কন</td><td>আমার তুলিতে শেখ রাসেল</td><td>৮-১২ বছর</td></tr><tr><td>রচনা</td><td>প্রিয় শেখ রাসেল</td><td>১৩-১৮ বছর</td></tr></table>খ) "প্রিয় শেখ রাসেল" বিষয়ে ১৩-১৮ বছর বয়সের শিক্ষার্থীদের নিয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রতিযোগিতা আয়োজন করতে হবে।</td><td>১. শিশু বিষয়ক কর্মকর্তা, টাঙ্গাইল<br>২. জেলা কালচারাল অফিসার, টাঙ্গাইল<br>৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল<br>৪. উপজেলা নির্বাহী অফিসার ( সকল), টাঙ্গাইল<br>৫.সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল<br>৬. প্রোগ্রামার (চলতি দায়িত্বে), ডিওআইসিটি, টাঙ্গাইল</td></tr>
</table>

| ক্রমিক | তারিখ, বার ও সময় | সিদ্ধান্ত/ কর্মসূচি | বাস্তবায়নে/আয়োজনে/সহযোগিতায় |
|---|---|---|---|
| | | গ) টাঙ্গাইল জেলার উপজেলাসমূহে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে শ্রেষ্ঠ ল্যাব নির্বাচনের জন্য প্রেরিত মাপকাঠি/যোগ্যতা অনুযায়ী শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন করে ১ম, ২য়, ৩য় স্থান অর্জনকারী তিনটি ল্যাবকে পুরস্কৃত করা। এক্ষেত্রে উপজেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী ল্যাবসমূহ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করে জেলা পর্যায়ে পুরস্কৃত করতে হবে।<br><br>জেলা পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতা এবং জেলা ও সদর উপজেলার শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন করার লক্ষে নিম্নোক্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>১. সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল<br>২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল<br>৩. প্রোগ্রামার (চলতি দায়িত্বে), ডিওআইসিটি, টাঙ্গাইল<br>৪. জেলা কালচারাল অফিসার, টাঙ্গাইল<br>৫. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, টাঙ্গাইল<br><br>উক্ত কমিটি আগামী ১৬ অক্টোবর তারিখ সকল প্রতিযোগিতা আয়োজন করত: মূল্যায়ন সম্পন্ন করবে।<br>ঘ) শেখ রাসেল দিবস ২০২৩ উপলক্ষে প্রীতি ফুটবল ম্যাচ ও সাঁতার প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br><br>২. উপজেলা পর্যায়ে ক) "শেখ রাসেল: দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়" বিষয়ক ৮-১২ বছর বয়সের শিক্ষার্থীদের নিয়ে উপস্থিত বক্তৃতা আয়োজন করা।<br>খ) "আমার তুলিতে শেখ রাসেল" বিষয়ে ৮-১২ বছরের শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা।<br>গ) "প্রিয় শেখ রাসেল" বিষয়ে ১৩-১৮ বছর বয়সের শিক্ষার্থীদের নিয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রতিযোগিতা আয়োজন করা।<br>ঘ) বেসিক প্রোগ্রমিং অথবা আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা।<br>ঙ) উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ ল্যাব নির্বাচনের জন্য প্রেরিত মাপকাঠি/যোগ্যতা অনুযায়ী শ্রেষ্ঠ ৩ টি ল্যাব/ প্রতিষ্ঠান নির্বাচন করে নাম জেলা কার্যালয়ের আইসিটি শাখার প্রেরণ নিশ্চিত করা | ৭. জেলা ক্রীড়া অফিসার, টাঙ্গাইল |
| ০৩ | ১৭.১০.২০২৩ তারিখের মধ্যে | জেলা প্রশাসকের কার্যালয়সহ, জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে শেখ রাসেল এর প্রতিকৃতি সম্বলিত ব্যানার টাঙ্গানো। | ১. সরকারি দপ্তর প্রধান (সকল), টাঙ্গাইল<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল<br>৩. নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল |
| ০৪ | ১৮.১০.২০২৩ সকাল ৮.৩০ টা | জেলা পর্যায়ে জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা/কর্মচারী, গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র-ছাত্রীবৃন্দ এবং অন্যান্য | ১. জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর<br>২. উপজেলা প্রশাসন (সকল), টাঙ্গাইল<br>৩. নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল |

| ক্রমিক | তারিখ, বার ও সময় | সিদ্ধান্ত/ কর্মসূচি | বাস্তবায়নে/আয়োজনে/সহযোগিতায় |
|---|---|---|---|
| | | অংশগ্রহণকারীবৃন্দের অংশগ্রহণে টাঙ্গাইল সার্কিট হাউজের সম্মুখে স্থাপিত শেখ রাসেল এর মুর‍্যালে পুষ্পস্তবক অর্পন।<br><br>উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা/কর্মচারী, গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র-ছাত্রীবৃন্দ এবং অন্যান্য অংশগ্রহণকারীবৃন্দের অংশগ্রহণে সুবিধাজনক সময়ে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক অস্থায়ীভাবে স্থাপিত শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করবেন। | |
| ০৫ | ১৮.১০.২০২৩ পুষ্পস্তবক অর্পন শেষে | জেলা পর্যায়ে জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা/কর্মচারী, গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র-ছাত্রীবৃন্দ এবং অন্যান্য অংশগ্রহণকারীবৃন্দের অংশগ্রহণে টাঙ্গাইল সার্কিট হাউজের সম্মুখে স্থাপিত শেখ রাসেল এর মুর‍্যাল এর সম্মুখ হতে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত র‍্যালি অনুষ্ঠিত হবে।<br><br>উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ সুবিধাজনক সময়ে সুবিধাজনক স্থান হতে র‍্যালি আয়োজন করবেন। | ১. উপজেলা প্রশাসন (সকল), টাঙ্গাইল<br>২. নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল |
| ০৬ | ১৮.১০.২০২৩ সকাল ০৯.০০ টা | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ও উপজেলায় সুবিধাজনক স্থানে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য অন্যান্য জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, কর্মচারী, স্টেকহোল্ডার, ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ, এনজিও প্রতিনিধি, ইউডিসি উদ্যোক্তাসহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে "শেখ রাসেল: দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়" প্রতিপাদ্য বিষয়ক সভা/সেমিনার আয়োজন করতে হবে। | ১.উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল<br>২.সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল |
| ০৭ | ১৮.১০.২০২৩ সভা/ সেমিনার শেষে | জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্য হতে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের আয়োজন করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), টাঙ্গাইল<br>২.সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল |
| ০৮ | ১৮.১০.২০২৩ সকাল ১০.০০ টা | জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ও উপজেলা পর্যায়ে সুবিধাজনক স্থানে এবং সকল ডিজিটাল ল্যাবে কেন্দ্রিয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল<br>২. প্রোগ্রামার (চলতি দায়িত্ব) ডিওআইসিটি, টাঙ্গাইল |
| ০৯ | ১৮.১০.২০২৩ সকাল ১০.৩০ | জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এবং উপজেলা পর্যায়ে সুবিধাজনক স্থানে ও সময়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে | ১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), টাঙ্গাইল<br>২.সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল<br>৩. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, টাঙ্গাইল<br>৪. জেলা কালচারাল অফিসার , টাঙ্গাইল |
| ১০ | ১৮.১০.২০২৩ | অনুষ্ঠানের ডকুমেন্টেশন সংরক্ষণ এবং জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েব সাইট, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১. উপজেলা নির্বাহী অফিসার( সকল), টাঙ্গাইল<br>২.সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল |

**বিবিধ:**

১. র‍্যালিতে সুসজ্জিত বাদক দল প্রেরণসহ ১৮ অক্টোবর সকাল ০৬.৩০ টা হতে বেলা ৯.৩০ টা পর্যন্ত (শামসুল হক তোরণ হতে বটতলা পর্যন্ত) রাস্তার ট্রাফিক নিয়ন্ত্রণের প্রয়োজনী নির্দেশনা প্রদানের জন্য পুলিশ সুপার, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

২. জেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল অনুরোধ করা হয়।

৪. উক্ত কর্মসূচির ব্যাপক প্রচার ও র‍্যালিতে তাঁর অফিসের একজন ঘোষকসহ মাইক সরবরাহের জন্য সিনিয়র জেলা তথ্য কর্মকর্তা, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

৫. ১৮ আক্টোবর সকাল ৬.০০ টায় সার্কিট হাউজের সম্মুখে অবস্থিত শেখ রাসেল চত্ত্বর হতে ডিসি অফিস পর্যন্ত রাস্তায় পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

৬. সার্কিট হাউজের সম্মুখে অবস্থিত শেখ রাসেল চত্ত্বরটি পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

৭. ১৮ আক্টোবর সকাল ৮.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ), টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

০২. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় শেখ রাসেল দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন/উদযাপনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে সচেষ্ট হওয়ার আহবান এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করা হয়।

১২/১০/২০২৩

মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক
টাঙ্গাইল

স্মারক নম্বর: ০৫.৪১.৯৩০০.০২৫.০৪.০০১.২৩. ২২(১২০)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০ / ১২ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) পুলিশ সুপার, টাঙ্গাইল
৪) উপপরিচালক, স্থানীয় সরকার/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) /বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৫) মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৬) উপজেলা নির্বাহী অফিসার,......................... (সকল), টাঙ্গাইল।
৭) নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ), টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৯) সিনিয়র জেলা তথ্য কর্মকর্তা, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১০) ...................... ..................... ...................... .................... .................... ...................... সরকারি দপ্তর প্রধান (সকল), টাঙ্গাইল
১১) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
১২) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
১৩) প্রোগ্রামার (চলতি দায়িত্বে), ডিওআইসিটি, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৪) জেলা কালচারাল অফিসার, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৫) শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, টাঙ্গাইল। উপরে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

(মো: ওলিউজ্জামান)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (ভারপ্রাপ্ত)
টাঙ্গাইল